

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 পরিকল্পনা মন্ত্রণালয়
 পরিকল্পনা বিভাগ
 সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

স্মারক নং-২০.০০.০০০০.৩০৯.০২.৫৬২.১৭- ৫৮

তারিখঃ ২৪ জানুয়ারী, ২০১৮ খ্রিঃ
 ১১ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ


বিষয়ঃ গবেষণা মূল্যায়ণ বাবদ মূল্যায়ণকারীর সম্মানী ৫০০০/- টাকা থেকে বাড়িয়ে ৮০০০/- টাকা, মৃত্যুবরণকারী/ শারীরিকভাবে অক্ষম/ নিখৌজ ডিফল্টার গবেষকের গৃহীত অর্থ মওকুফ, সহায়ক কর্মকর্তাদের সম্মানী ০২ (দুই) জনের স্থলে ০৫ (পাঁচ) জন কর্মকর্তাকে সম্মানী প্রদান সংক্রান্ত।

গত ২৯/০৩/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের গবেষণা ও স্টিয়ারিং কমিটির ৪৮ তম সভায় নিম্নোক্ত বিষয়সমূহ অনুমোদন/মতামতের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।

| ক্রমিক নং | বিষয় | পূর্বে সম্মানী | প্রদত্ত সম্মানীর হার | সিদ্ধান্ত | মন্তব্য/প্রস্তাব |
|--------------|---|-------------------|-------------------------|--|--|
| ০১ | গবেষণা মূল্যায়ণ বাবদ মূল্যায়ণকারীর সম্মানী ৫০০০/- টাকা থেকে বাড়িয়ে ৮০০০/- টাকা | ৫০০০/- | ৮০০০/- | সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে জমাকৃত গবেষণা প্রতিবেদন মূল্যায়ণ একটি সময়সাপেক্ষ এবং বুদ্ধিবৃত্তিক কাজ যার বিপরীতে মাত্র ৫০০০/- টাকা সম্মানী খুবই অপ্রতুল। এ সম্মানী ৮০০০/- টাকা করা যেতে পারে। | গবেষণা প্রতিবেদন মূল্যায়ণকারীর সম্মানী ৫০০০/- টাকা থেকে বাড়িয়ে ৮০০০/- টাকা করার প্রস্তাব করা হল। |
| ০২ | মৃত্যুবরণকারী/ শারীরিকভাবে অক্ষম/ নিখৌজ ডিফল্টার গবেষকের গৃহীত অর্থ মওকুফ | | | সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ডিফল্টার গবেষকদের মধ্যে গবেষণা সমাপ্ত করার পূর্বে মৃত্যুবরণ করেছেন/ শারীরিকভাবে অক্ষম/ নিখৌজ রয়েছেন এমন ০৪ | সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ডিফল্টার গবেষকদের মধ্যে গবেষণা সমাপ্ত করার পূর্বে মৃত্যুবরণ করেছেন/ শারীরিকভাবে অক্ষম/ নিখৌজ |

| | | | | | |
|----|---|--------|--------|--|--|
| | | | | (চার) গবেষককে গবেষণা বাবদ গৃহীত অর্থ মওকুফ করা যেতে পারে। | জন ০৪ (চার) জন গবেষককে গবেষণা বাবদ গৃহীত অর্থ মওকুফ করার প্রস্তাব করা হল। |
| ০৩ | সহায়ক কর্মকর্তাদের সম্মানী ০২ (দুই) জনের স্থলে ০৫ (পাঁচ) জন কর্মকর্তাকে সম্মানী প্রদান | ১০০০/- | ১০০০/- | পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভার আয়োজনে পরিষদের সকল কর্মকর্তা সংযুক্ত থাকেন। বর্তমানে পরিষদের মাত্র ০২ (দুই) জন কর্মকর্তা এ সভায় সম্মানী পান যা বাড়িয়ে ০৫(পাঁচ) জন করা যেতে পারে। | পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় উপস্থিত ০২ (দুই) জন কর্মকর্তার স্থলে ০৫(পাঁচ) জন কর্মকর্তার সম্মানী প্রদানের প্রস্তাব করা হল। |

উপর্যুক্ত ৩ (তিনি)টি বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



ড. উত্তম কুমার দাশ
উপসচিব ১৯/১১/২০১৮
ফোনঃ ৯১৮০৫৯৮

যুগ্ম-সচিব (প্রবিধি-২)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্তি: ১. ৪৮-তম স্টিয়ারিং কমিটির কার্যবিবরনী

২. অর্থবিভাগের আদেশ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। অতিরিক্ত সচিব-৩, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ০৪। সংশ্লিষ্ট নথি।